

Welland Gouldsmith School

Class 8 Subject: Bengali 2nd language

Worksheet (Set 3)

Topic: আমার সমর নীতি স্বামী বিবেকানন্দ

★ নিচের প্রশ্নগুলির উত্তর লেখ। ২+২+৩+৩

1. “আমাদের সমাজে যথেষ্ট দোষ আছে, অন্যান্য সমাজেও আছে।”

আলোচ্য অংশটি.....

ক) সমাজ বলতে এখানে দেশ ও দশ মিলিয়ে পারিপার্শ্বিক কে বোঝানো হয়েছে, যেখানে একটা নিয়ম নীতি মেনে সব কিছু চলে। এখানে আমাদের দেশের সমাজের কথা বলা হয়েছে।

খ) অন্যান্য সমাজ বলতে বিদেশ না পাশ্চাত্য সমাজ ও তাদের নিয়মনীতি কে বোঝানো হয়েছে।

গ) আমাদের দেশের মেয়েদের সমস্যা বলতে প্রথমেই লেখক বিধবা দের কথা বোঝানো হয়েছে। অল্প বয়সে বিয়ের কারণে বিবাহ ও তার পরেই বৈধব্যের জ্বালা তাদের সহ্য করতে হত। সেই সঙ্গে লাড়তে হত দারিদ্র্যের সাথে। খাদ্যের অভাব তাদের মৃত্যুর দিকে ঠেলে দিত।

ঘ) অন্য সমাজেরও কিছু সমস্যার কথা লেখক বলেছেন। পাশ্চাত্যের অবিবাহিত মেয়েদের মনে জন্মায় হতাশা, বিলাসিতা বা খাদ্যের অভাব হয়তো থাকে না কিন্তু তবু সে দেশের মানুষও সুখী নয়।

2. “সামাজিক ব্যাধির প্রতিকার বাইরের কোন চেষ্টায় করা যায় না,...”

আলোচ্য অংশটি.....

ক) সামাজিক ব্যাধি বলতে সমাজের কিছু সমস্যা, যা নানাভাবে বেশ বড় আকার যখন ধারণ করে। ব্যাধি অর্থাৎ অসুখ। এখানে সমাজের খারাপ দিক বোঝানো হয়েছে।

খ) প্রতিকার অর্থাৎ সমাধান। কোনো সমস্যার সমাধান করা।

গ) বাইরের চেষ্টা বলতে যে চেষ্টা মন থেকে করা হয় না। যার মধ্যে লোক দেখানো বিষয়টি বড় হয়ে যায়, তা দিয়ে কোনো ভাল কাজ সফলভাবে হয় না এখানে এই বাহ্যিক চেষ্টা কেই বাওরের চেষ্টা বলে হয়েছে।

ঘ) লেখক নিজের মত করে এই সমস্যা সমাধানের পথ বলেছেন। প্রথমে বলেছেন মনের উপর কাজ করা। অর্থাৎ মন থেকে কোনো কাজ করার চেষ্টা। দ্বিতীয়ত বলেছেন শিক্ষাদান। এদেশের অশিক্ষার এদেশের অনেক সমস্যার কারণ। তাই সর্বকম শিক্ষা খুব জরুরি। তৃতীয়ত তিনি বলেন ধর্মাত্মতা দূর করার কথা। ধর্মের নামে বিভাজন আমাদের দেশের সমস্যার বড় কারণ। তাই তা দূর করার কথা বলেন লেখক।

3. “তাহাদের জীবনের এখন কিছুমাত্র মূল্য নাই,”

আলোচ্য অংশটি.....

ক) এখানে আমেরিকার দাসদের কথা বলা হয়েছে। এই কালো নিগ্রো মানুষগুলি ছিল সাদা চামড়ার শাসকশ্রেণির অধীনে, তাই তাদের জীবনের মূল্য ছিল না।

খ) এদের নিয়ে দাস প্রথা বন্ধ না রোহিত করার আন্দোলন হয়েছিল।

গ) আন্দোলনের আগে এই নিগ্রো মানুষগুলি তাদের মালিকের অধীনের সম্পত্তিরূপে গণ্য হত। সম্পত্তি রক্ষার মত মালিক পক্ষ তাদের দেখাশোনা করত।

ঘ) দাসপ্রথা বন্ধ হয়ে যাওয়ার পর এই দাস দেব অবস্থা আরো খারাপ হতে থাকে। তখন তারা আর কোনো মালিকের অধীনে না থাকায় তাদের প্রতি কারো কোনো দায়িত্ব থাকে না।

(প্রতিটি উত্তর নিজের মত করে আবার লিখবে। এখানে শুধু **Answers key** দেওয়া হল মাত্র।)

বই থেকে 'ব্যাকরণ-বিষয়ক প্রশ্ন' লেখ :

২. শব্দার্থ (উত্তর)

- চোখের জল ফেলা
- ভিজে
- অবিবাহিত
- হতাশা
- জীবিত থেকেও মৃত
- বিলাসিতায়
- মূল থেকে বিচ্ছেদ
- ধর্মের প্রতি অন্ধতা
- পরিচিত
- ভয়
- অপদার্থ
- উৎসাহ সহকারে

৩. পদান্তর (উত্তর)

- রুগ্ন
- দরিদ্র
- বিলাস
- আশ্রিত
- সংশোধিত
- শান্তি
- বিফলতা
- সমাজ

৪. বিপরীত (উত্তর)

- নিরুপায়
- অখাদ্য
- সফল
- পরাধীনতা

- ভালো
 - সবল
৬. বাক্য রচনা (নিজে কর)

★ ব্যাকরণ : (নিজে করতে চেষ্টা কর)

১. এক কথায় প্রকাশ কর

- খরচের হিসেব নেই যার - বেহিসেবি
- যা অস্বীকার করা যায় না - অনস্বীকার্য
- দিবসের শেষ ভাগ - অপরাহ্ন
- যা ভেদ করে উঠেছে - উদ্ভিদ
- কানে কানে যে কথা - কানাকানি
- পরস্পর লাঠির দ্বারা যুদ্ধ - লাঠালটি
- সমুদ্র থেকে হিমাচল অবধি - আসমুদ্রহিমাচল
- যার আগের জন্মের কথা মনে থাকে - জাতিস্মর
- যার দুহাত সমান চলে - সব্যসাচী
- দুইতার যুক্ত বাদ্যযন্ত্র - দোতারা

২. শূন্যস্থানে ঠিক শব্দটি বেছে নিয়ে বসাত :

- সারা বাড়িটা আজ - করছে। খাঁখাঁ
- জুতোর পেরেকটা কেবলই - করে বিঁধছে। খচখচ
- খাল বিল সবই শুকিয়ে - করছে। খটখট
- গাছের ওইখানটায় একটা আম পেকে - করছে। টসটস
- -- করে দে মা, -- খাই। এলোমেলো, লুটেপুটে
- তেল - ময়লা কাপড় পরে বাইরে যেও না। চিটচিটে
- আগে - ধুয়ে একটু - খাও। হাততাত, জলটল
- ঘরে চারটি - ছাড়া কিছুই নেই। হাঁড়িকুড়ি
- লোকটা দেখতে খুব -। বোকাসোকা
- তার -- যে এত শয়তানি বুদ্ধি বুঝিনি। পেটেপেটে

(হাততাত, হাঁড়িকুড়ি, বোকাসোকা, জলটল, পেটেপেটে, চিটচিটে, লুটেপুটে, খাঁখাঁ, খটখট, খচখচ, এলোমেলো, টসটস,)